“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
শেরে বাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.৩৩.০১১.০৮.-৮৯(১৬)

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৮ ব:।
২৩ফেব্রুয়ারি, ২০২২ খ্রি:।

বিষয়ঃ সমবায় সমিতি নিবন্ধনে সতর্কতা প্রসঙ্গে ।

সূত্রঃ ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৩.০৯.২০২১ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০৫.০০২.২০২১.৭০৯ সংখ্যক স্মারক।
২। উপসচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩২.০৬.১৪৫.১৭-৪৩০, তারিখ : ০৫/১০/২০২১ খ্রি:।
৩। যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-বিবিধ/সাধারণ-০৩৫/২১-৩৭(১৫), তারিখ : ২৩/০১/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ইদানিং সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে যথাযথ সাবধানতা অবলম্বন করা হচ্ছে না। ফলে নিবন্ধিত সমবায় সমিতির কর্তৃপক্ষ নামমাত্র সদস্য বানিয়ে নানা প্রলোভনে অর্থ সংগ্রহ ও আত্মসাৎ করছে; যা সমবায় অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ন করছে। এ বিষয়ে মাঠ পর্যায়ের বিভাগীয় যুগ্মনিবন্ধকগণও যথাযথ তদারকি করছেন না; যা অনভিপ্রেত ।

এমতাবস্থায়, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) ও সার্কুলারসমূহসহ নিবন্ধন নীতিমালা ২০১৩ এবং নিম্নোক্ত নির্দেশনা কঠোরভাবে সর্বোচ্চ সর্তকতার সাথে অনুসরণ করার জন্য বলা হলোঃ

১। সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এবং এতদসংক্রান্ত নিবন্ধকের সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে ।

২। ভবিষ্যতে নিবন্ধিত সমবায় সমিতির মাধ্যমে কোন অর্থ আত্মসাৎ হলে নিবন্ধন প্রক্রিয়ার সাথে জড়িত সমিতির সংগঠক, যাচাইকারী, সুপারিশকারী উপজেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিসার ও নথি উপস্থাপনকারী কর্মকর্তাসহ বর্তমানে দায়িত্বরত কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

৩। নমিনী প্রদানের ক্ষেত্রে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪০ ধারা সঠিকভাবে প্রতিপালনসহ তার ব্যক্তিগত পরিচিতি জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ নিশ্চিত করতে হবে ।

৪। পেশাজীবি সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশার সাথে সম্পৃক্ততা প্রমাণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যেককে ব্যক্তিগতভাবে প্রমানক দাখিল করতে হবে।

৫। সিটি কর্পোরেশন/পৌরসভার আওতাভূক্ত সমবায় সমিতির ক্ষেত্রে সমবায় সমিতির অফিসের নিজস্ব মালিকানা অথবা ভাড়া সম্পর্কে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে । ইউনিয়ন পরিষদের আওতাভূক্ত সমবায় সমিতির ক্ষেত্রে সমিতির ঠিকানা অথবা মালিকানা অথবা ভাড়া সম্পর্কে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভাড়ায় ব্যবহৃত অফিসের ক্ষেত্রে ভাড়া সংক্রান্ত চুক্তিনামার অরিজিনাল কপি দাখিল করতে হবে। অফিসভাড়ার চুক্তিনামা ৩০০/- টাকার স্ট্যাম্প এ লিখিত হতে হবে এবং অফিস ঘরের ছবি দাখিল করতে হবে।

৬। প্রস্তাবিত সমিতির ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের মোবাইল নং ও ছবি থাকতে হবে।

৭। সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৫ এর উপবিধি ৭ অনুযায়ী নিবন্ধনের পূর্বে প্রস্তাবিত প্রত্যেক সমবায় সমিতির উদ্যোক্তা সদস্যবৃন্দ আবশ্যিকভাবে সমবায় সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করিবেন। প্রশিক্ষণের হাজিরা শীট, ছবি ও প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

৮। প্রস্তাবিত সমিতির সদস্যদের নিকট হতে আদায়কৃত শেয়ার, সঞ্চয়, বিবিধ আদায় ও ভর্তি ফি সঠিকভাবে আদায় করা হয়েছে এ সংক্রান্ত প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৬খ ধারা অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠনের বিষয়ে ব্যবস্থাপনা কমিটির প্রত্যয়ন থাকতে হবে।

১০। প্রস্তাবিত সমবায় সমিতির সকল সদস্যের জাতীয় পরিচয় পত্রের (NID) মূলকপির সাথে দাখিলকৃত ফটোকপি যথাযথভাবে যাচাই করার বিষয়টি উপজেলা সমবায় অফিসার ও জেলা সমবায় অফিসার আবশ্যিকভাবে নিশ্চিত করবেন ।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য ।

২৫/০২/২০২২

(ড. মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/
রংপুর/ময়মনসিংহ।

অনুলিপি :

১। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন মাসউ ও ফাইন্যান্স)/(সমিতি ব্যবস্থাপনা)/(ইপিপি)/(অডিট ও আইন), সমবায় অধিদপ্তর, ঢাকা।